

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তিকে ঘুম পরাভূত করবে, তখন নফল সালাত আদায় করার ব্যাপারে নিষেধাজ্ঞা কেননা তার ব্যাপারে এই ভয় আছে যে, সে হয়তো এমন কিছু বলে ফেলবে যা সে জানে না

ذِكْرُ الزَّجْرِ عَنْ صَلَاةِ الْمَرْءِ النَّافِلَةَ إِذَا غَلَبَتْهُ عَيْنَاهُ مَخَافَةَ أَنْ يَقُولَ مَا لَا يعلم

## আরবী

2484 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثُمَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا حُمَيْدٌ عَنْ أَنس:

أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ الْمَسْجِدَ فَرَأَى حَبْلًا مَمْدُودًا بَيْنَ سَارِيَتَيْنِ فَقَالَ: (مَا هَذَا؟) قَالُوا: فُلاَنَةٌ تُصلِّي فَإِذَا أَعْيَتْ تَعَلَّقَتْ بِهِ فَقَالَ: رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِتُصلَّ مَا عَقَلَتْ فَإِذَا خَشِيَتْ أَنْ تُغْلَبَ فَلْتَنَمْ)

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2484 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1185): ق.

## বাংলা

২৪৮৪. আনাস বিন মালিক রাদ্য়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার মাসজিদে প্রবেশ করে দেখতে পান যে, মাসজিদের দুই খুঁটির মাঝে একটি রশি বাঁধা রয়েছে। অতঃপর তিনি বলেন, "এটা কী?" সাহাবীগণ বললেন, "ওমুক মহিলা, তিনি সালাত আদায় করেন, অতঃপর যখন ক্লান্ত হয়ে যান, তখন তিনি (দাঁড়িয়ে থাকতে সহায়ক হওয়ার জন্য) এটিকে ধারণ করেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সে যেন সালাত আদায় করে, যতক্ষন সে বুঝতে পারে। অতঃপর যখন সে পরাভূত হওয়ার আশংকা করবে, তখন সে যেন ঘুমিয়ে যায়।"[1]

## ফুটনোট



[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১৮০; মুসনাদ আহমাদ: ৩/১০১; সহীহ মুসলিম: ৭৮৪; আবৃ দাউদ: ১৩১২; নাসাঈ আল কুবরা: ১/২৭০; সহীহ আল বুখারী: ১১৫০; নাসাঈ: ৩/২১৮-২১৯; ইবনু মাজাহ: ১৩৭১; আবৃ আওয়ানা: /৯৭-২৯৮; বাগাবী: ৯৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন